

ভৰ্তি

রুয়েটের ভর্তি, প্রাক-নির্বাচনী কাল, পরীক্ষা তিন শিফটে

নিজস্ব প্রতিবেদক ঢাকা

প্রকাশ: ০৭ ফেব্রুয়ারি ২০২৫, ১০: ০০



ছবি: দীপু মালাকার

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (রুয়েট) ২০২৪-২৫ শিক্ষাবর্ষে স্নাতক প্রথম বর্ষে ভর্তি পরীক্ষায় প্রাকনির্বাচনী পরীক্ষা আগামীকাল শনিবার (৮ ফেব্রুয়ারি) অনুষ্ঠিত হবে। প্রাক-নির্বাচনী পরীক্ষা তিন শিফটে অনুষ্ঠিত হবে। প্রথম শিফট সকাল ৯টা থেকে ১০টা, দ্বিতীয় শিফট ১২টা থেকে ১টা এবং তৃতীয় শিফটের পরীক্ষা হবে ৩টা থেকে চারটা পর্যন্ত। আর চূড়ান্ত লিখিত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে ২০ ফেব্রুয়ারি। এর আগে বিশ্ববিদ্যালয়ের ভর্তিবিষয়ক ওয়েবসাইটে যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হয়েছে।

তিন শিফটে প্রাক্-নির্বাচনী (MCQ) পরীক্ষা নেওয়া হবে। প্রতিটি শিফটে প্রার্থীদের উপস্থিতির আনুপাতিক হারে পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচনী পরীক্ষার জন্য যোগ্য প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। নির্বাচনী (লিখিত) পরীক্ষায় অংশগ্রহণের জন্য যোগ্য বিবেচিত আবেদনকারীদের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ১৩ ফেব্রুয়ারি প্রকাশ করা হবে।

আসন কত—

২০২৪-২৫ শিক্ষাবর্ষে পুরকৌশল; তড়িৎ ও কম্পিউটারকৌশল এবং যন্ত্রকৌশল অনুষদগুলোর মোট ১৪টি বিভাগে সংরক্ষিত ৫টিসহ মোট ১ হাজার ২৩৫টি আসন রয়েছে। ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ নিয়ে 'ক' গ্রুপ; ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ নিয়ে 'খ' গ্রুপ গঠিত।

পরীক্ষার বিষয় ও নম্বর বণ্টন—

এবারের ভর্তি পরীক্ষায় ২০২৪ সালের পাঠ্যসূচি অনুযায়ী গণিত, পদার্থবিদ্যা, রসায়ন ও ইংরেজি বিষয়ের ওপর লিখিত পদ্ধতিতে 'ক' গ্রুপের জন্য ৩৫০ নম্বরের এবং 'খ' গ্রুপের জন্য ৩৫০ নম্বরের লিখিত পরীক্ষার পাশাপাশি অতিরিক্ত মুক্তহস্ত অঙ্কনের ১০০ নম্বরসহ মোট ৪৫০ নম্বরের পরীক্ষা হবে। পরীক্ষায় সময় থাকবে আড়াই ঘণ্টা। তবে অতিরিক্ত মুক্তহস্ত অঙ্কনের জন্য পরীক্ষায় বাড়তি ১ ঘণ্টা দেওয়া হবে। এ ছাড়া প্রাক্-নির্বাচনী (MCQ) পরীক্ষা অনুষ্ঠিত হবে ১০০ নম্বরে। প্রতিটি ভুলের জন্য ২৫ শতাংশ নম্বর কাটা হবে। পরীক্ষার সময় থাকবে ১ ঘণ্টা।

আবেদন ফি—

গ্রুপ 'ক' ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো এবং নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগে আবেদনের ফি ১ হাজার ২৫০ টাকা; গ্রুপ 'খ' ইঞ্জিনিয়ারিং বিভাগগুলো, নগর ও অঞ্চল পরিকল্পনা বিভাগ এবং স্থাপত্য বিভাগ-এ ১ হাজার ৪৫০ টাকা। প্রাক্-নির্বাচনী পরীক্ষার পর নির্বাচনী (লিখিত) পরীক্ষায় যোগ্য না হলে শিক্ষার্থী কিছু টাকা চার্জ বাদে ফেরত পাবেন বলে কর্তৃপক্ষ জানিয়েছে।

- প্রথম শিফটের তালিকা দেখুন এখানে
- দ্বিতীয় শিফটের তালিকা দেখুন এখানে
- তৃতীয় শিফটের তালিকা দেখুন এখানে



সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

স্বত্ব © ১৯৯৮-২০২৫ প্রথম আলো